গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-২৪/২০১৯-২০২০

ঢাকা, ২৮ জুলাই রোববার ২০১৯, ১৩ শ্রাবণ ১৪২৬

## আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। যুক্তরাজ্যের নতুন প্রধানমন্ত্রী বরিস জনসনকে শুভেচ্ছা উপহার হিসেবে ফুল ও আম পাঠালেন প্রধানমন্ত্রী
২। ডেঙ্গু মোকাবিলায় সরকার কাজ করে যাচ্ছে : সেতুমন্ত্রী
৩। গুজব রটনাকারীদের বিরুদ্ধে সরকার কঠোর পদক্ষেপ নেবে : চট্টগ্রামে তথ্যমন্ত্রী
৪। বন্যা ও ত্রাণ সম্পর্কে তথ্য অধিদফতরে চালু রয়েছে সার্বক্ষণিক মিডিয়া সেল
৫। রোহিঙ্গা শিবিরে মিয়ানমার প্রতিনিধিদল : নাগরিকত্ব ছাড়া রাখাইনে ফিরতে নারাজ রোহিঙ্গারা
৬। সিলেটে বঙ্গবন্ধু হাইটেক পার্কের নামফলক উন্মোচন
৭। অসহায় নাগরিকদের বীমার আওতায় আনার চিন্তা করা হচ্ছে : সমাজকল্যাণমন্ত্রী
৮। শিল্পবর্জ্য নদীতে ফেললে কঠোর ব্যবস্থা : নারায়ণগঞ্জে স্থানীয় সরকার মন্ত্রী
৯। মানসম্পন্ন শিক্ষা না হলে উন্নয়নের মহাসড়কে আমরা হোঁচট খাব : সিলেটে পররাষ্ট্রমন্ত্রী
১০। দুর্নীতিমুক্ত সমাজ গড়া সরকারের লক্ষ্য : নওগাঁয় খাদ্যমন্ত্রী
১১। প্রধানমন্ত্রীর নির্দেশে শরীয়তপুরের নড়িয়াকে ভাঙনপ্রবণ এলাকা হিসেবে অধিক গুরুত্ব দেওয়া হয়েছে : পানিসম্পদ প্রতিমন্ত্রী

চলমান পাতা-২

**১।** **যুক্তরাজ্যের নতুন প্রধানমন্ত্রী বরিস জনসনকে শুভেচ্ছা উপহার হিসেবে ফুল ও আম পাঠালেন প্রধানমন্ত্রী**

যুক্তরাজ্যের নতুন প্রধানমন্ত্রী বরিস জনসনকে শুভেচ্ছা উপহার হিসেবে ফুল ও ফজলি আম পাঠিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রধানমন্ত্রী শেখ হাসিনার এ উপহার ব্রিটিশ প্রধানমন্ত্রীর বাসভবনে পৌঁছে দেওয়া হয়েছে। প্রধানমন্ত্রী বাকিংহাম প্যালেসে ব্রিটেনের রানী দ্বিতীয় এলিজাবেথ এবং প্রিন্স চার্লসের কাছেও অনুরূপ উপহার পাঠিয়েছেন। সূত্র : **সমকাল** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **অবজারভার** (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৪)।

**২।** **ডেঙ্গু মোকাবিলায় সরকার কাজ করে যাচ্ছে : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, দেশকে অস্থিতিশীল করার জন্য দেশে-বিদেশে ষড়যন্ত্র করা হচ্ছে। একটি মহল দেশের মধ্যে ও দেশের বাইরে গুজব আতঙ্ক ছড়িয়ে দিচ্ছে। সাম্প্রদায়িক শক্তি দেশের অভ্যন্তরে নানা ষড়যন্ত্রে লিপ্ত আছে জানিয়ে তা প্রতিরোধে আওয়ামী লীগের সবাইকে সজাগ থাকার আহ্বান জানান সেতুমন্ত্রী। তিনি আরো বলেন, ডেঙ্গু মোকাবিলায় সরকার কাজ করে যাচ্ছে। গতকাল (২৭ জুলাই শনিবার) ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধু ভবনের সামনে স্বেচ্ছাসেবক লীগের রজতজয়ন্তী উপলক্ষে শোভাযাত্রা-পূর্ব সমাবেশে তিনি এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **সমকাল** (পৃ.২,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

**৩।** **গুজব রটনাকারীদের বিরুদ্ধে সরকার কঠোর পদক্ষেপ নেবে : চট্টগ্রামে তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, গুজবে অনেক নিরীহ মানুষকে পিটিয়ে হত্যা করা হয়েছে, যা অত্যন্ত ন্যক্কারজনক। সরকার এ ব্যাপারে কঠোর পদক্ষেপ নিয়েছে। হত্যা মামলার আসামি হিসেবে সবার বিচার হবে। শুধু মানুষ হত্যাকারীদের বিচার নয়, গুজব যারা রটিয়েছে তারাও সমভাবে দোষী। তাদের বিরুদ্ধেও সরকার কঠোর পদক্ষেপ নেবে। গতকাল (২৭ জুলাই শনিবার) চট্টগ্রামের রাঙ্গুনিয়া উপজেলা আওয়ামী লীগের ত্রিবার্ষিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.১৯,ক.১), **যুগান্তর** (পৃ.৩,ক.৮)।

**৪।** **বন্যা ও ত্রাণ সম্পর্কে তথ্য অধিদফতরে চালু রয়েছে সার্বক্ষণিক মিডিয়া সেল**

দেশের বন্যা পরিস্থিতি এবং ত্রাণ ও আশ্রয় কার্যক্রমে সরকার গৃহীত বিভিন্ন পদক্ষেপ সম্পর্কে গণমাধ্যমে জরুরি ভিত্তিতে সংবাদ সরবরাহের সুবিধার্থে তথ্য মন্ত্রণালয়ের সার্বিক তত্ত্বাবধানে তথ্য অধিদফতরে স্থাপিত মিডিয়া সেল সার্বক্ষণিক চালু রয়েছে। পাশাপাশি গুজব থেকে সতর্ক থাকার জন্য জনসাধারণকে সচেতন করা এবং ডেঙ্গু জ্বরের চিকিৎসা বিষয়ে করণীয় সম্পর্কে তথ্য উপাত্ত মিডিয়াতে প্রচার করা হচ্ছে। এসব বিষয়ে তথ্য আদান-প্রদানের জন্য টেলিফোন নম্বর- ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮, ৯৫৪০০১৯; ফ্যাক্স নম্বর-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; ইমেইল piddhaka@gmail.com, ওয়েবসাইট:www.pressinfrom.gov.bd, ফেসবুক আইডি: PID BD এবং ফেসবুক পেজ press information Department Bangladesh এ যোগাযোগের জন্য অনুরোধ করেছে পিআইডি। সূত্র : **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.১), **অবজারভার** (পৃ.৮,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৪)।

**৫।** **রোহিঙ্গা শিবিরে মিয়ানমার প্রতিনিধিদল : নাগরিকত্ব ছাড়া রাখাইনে ফিরতে নারাজ রোহিঙ্গারা**

বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের প্রত্যাবাসনে করণীয় নির্ধারণে গতকাল (২৭ জুলাই শনিবার) উখিয়ার রোহিঙ্গা শিবির পরিদর্শন করে মিয়ানমারের পররাষ্ট্রসচিব মিন্ট থু'য়ের নেতৃত্বে ১৯ সদস্যের উচ্চপর্যায়ের একটি প্রতিনিধিদল। নাগরিকত্ব ছাড়া মিয়ানমারে ফিরতে নারাজ কক্সবাজারে আশ্রয় নেওয়া রোহিঙ্গারা। গতকাল মিয়ানমারের প্রতিনিধিদলটি কক্সবাজার রোহিঙ্গা শিবিরে আলোচনার জন্য গেলে রোহিঙ্গা নেতারা তাদের দাবি তুলে ধরেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮)।

**৬।** **সিলেটে বঙ্গবন্ধু হাইটেক পার্কের নামফলক উন্মোচন**

সিলেটের সীমান্তবর্তী উপজেলা কোম্পানীগঞ্জে বঙ্গবন্ধু শেখ মুজিব হাইটেক পার্কের নামফলক উন্মোচন করা হয়েছে। গতকাল (২৭ জুলাই শনিবার) পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন, প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী ইমরান আহমদ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক নামফলকের উন্মোচন করেন। প্রথমে নির্মাণাধীন এ পার্কের নাম ছিল হাইটেক পার্ক, সিলেট। পরে সেটির নাম পরিবর্তন করে রাখা হয় বঙ্গবন্ধু শেখ মুজিব হাইটেক পার্ক। গতকাল (২৭ জুলাই শনিবার) হাইটেক পার্কের ভেতরে নির্মিতব্য শেখ কামাল আইটি ট্রেনিং অ্যান্ড ইনকিউবেশন সেন্টারের ভিত্তিপ্রস্তরও স্থাপন করেন মন্ত্রী ও প্রতিমন্ত্রীরা। সূত্র : **সমকাল** (পৃ.৩,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৭), **নিউ এজ** (পৃ.২,ক.১)।

৭। **অসহায় নাগরিকদের বীমার আওতায় আনার চিন্তা করা হচ্ছে : সমাজকল্যাণমন্ত্রী**

অসহায় নাগরিকদের জন্য নানা কর্মসূচির পাশাপাশি বীমার বিষয়ে বর্তমান সরকার চিন্তা-ভাবনা করছে বলে জানিয়েছেন সমাজকল্যাণমন্ত্রী নুরুজ্জামান আহমেদ। গতকাল (২৭ জুলাই শনিবার) রাজধানীর বেইলি রোডস্থ অফিসার্স ক্লাবে জীবন বীমা করপোরেশনের ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে এক আলোচনাসভার প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সমাজকল্যাণমন্ত্রী আরো বলেন, সরকার সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় দরিদ্র ও অসহায় নাগরিকদের বয়স্ক ভাতা, বিধবা ভাতা ও প্রতিবন্ধী ভাতা দিচ্ছে। সরকার এসব কর্মসূচির পাশাপাশি অসহায় নাগরিকদের জন্য বীমার বিষয়ে চিন্তা ভাবনা করছে। সূত্র : **সংবাদ** (পৃ.২,ক.৬)।

৮। **শিল্পবর্জ্য নদীতে ফেললে কঠোর ব্যবস্থা : নারায়ণগঞ্জে স্থানীয় সরকার মন্ত্রী**

স্থানীয় সরকার মন্ত্রী মোঃ তাজুল ইসলাম বলেছেন, মেঘনা নদী নতুন করে কেউ দখল ও দূষণ করতে না পারে সেজন্য সরকারের পক্ষ থেকে কঠোর পদক্ষেপ নেয়া হয়েছে। শিল্পবর্জ্য, বাসাবাড়ির বর্জ্য এবং পরিবহণ বর্জ্য কোনো অবস্থাতেই নদীতে ফেলা যাবে না। কোনো শিল্পপ্রতিষ্ঠান বর্জ্য পরিশোধন না করে নদীতে ফেললে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে। নদীর জায়গা কেউ দখল করলে বা অবকাঠামো নির্মাণ করলে তার বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে। মন্ত্রী আরো বলেন, ঢাকার দু'টি সিটি কর্পোরেশনে এডিস মশা নিধনে সমন্বয়ের কোনো অভাব নেই। ঢাকায় সরকারের মশা নিধন প্রকল্প বাস্তবানের কারণে মশার প্রভাব কমে আসছে। গতকাল (২৭ জুলাই শনিবার) নারায়ণগঞ্জের আড়াইহাজার উপজেলা পরিষদ মিলনায়তনে নদী দূষণ ও দখল রোধে নৌ-পরিবহণ মন্ত্রণালয়, পরিবেশ ও বন মন্ত্রণালয়ে, বিআইডব্লিউটিএ এবং মেঘনা নদীর তীরবর্তী জেলার জেলা প্রশাসক ও ইউএনওসহ প্রশাসনের কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভাশেষে মন্ত্রী সাংবাদিকদের এসব কথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.২,ক.৭), **বণিক বার্তা** (পৃ.২,ক.৮)।

৯। **মানসম্পন্ন শিক্ষা না হলে উন্নয়নের মহাসড়কে আমরা হোঁচট খাব : সিলেটে পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আবদুল মোমেন বলেছেন, উন্নয়নের মহাসড়কে দেশ এগিয়ে চলছে। সে উন্নয়নের হাল ধরেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। কিন্তু গুণগত মানসম্পন্ন শিক্ষা নিশ্চিত করা না গেলে উন্নয়নের মহাসড়কে আমরা হোঁচট খাব। কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছানো কষ্টসাধ্য হয়ে দাঁড়াবে। তাই সরকার শিক্ষা খাতকে সবচেয়ে বেশি গুরুত্ব দিচ্ছে। দেশকে বেকারত্বের অভিশাপমুক্ত করতে প্রতিবছর ১৫ লাখ মানুষের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করছে সরকার। এ সুযোগ কাজে লাগাতে প্রশিক্ষণের প্রতি সরকার জোর দিচ্ছে। গতকাল (২৭ জুলাই শনিবার) সিলেটের জেলা প্রশাসকের কার্যালয়ের হল রুমে সিলেট-১ আসনের অন্তর্ভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠান প্রধান এবং ম্যানেজিং কমিটির সভাপতিদের সঙ্গে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তৃতায় পররাষ্ট্রমন্ত্রী আরো বলেন, প্রযুক্তি শিক্ষায় শিক্ষিত হলে সারা বিশ্ব হবে কর্মক্ষেত্র। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৫), **সমকাল** (পৃ.২,ক.৮)।

১০। **দুর্নীতিমুক্ত সমাজ গড়া সরকারের লক্ষ্য : নওগাঁয় খাদ্যমন্ত্রী**

খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার বলেছেন, বর্তমান সরকারের অন্যতম প্রধান লক্ষ্য দুর্নীতিমুক্ত সমাজ গড়ে তোলা। সে লক্ষ্যেই আমাদের পরিকল্পনা বাস্তবায়ন করা হচ্ছে। গতকাল (২৭ জুলাই শনিবার) নওগাঁয় জেলা জাতীয় শ্রমিক লীগের ত্রিবার্ষিক সম্মেলনে তিনি এ কথা বলেন। খাদ্যমন্ত্রী আরো বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী চিন্তার কারণে বাংলাদেশ আজ উন্নয়নের রোল মডেল হিসেবে বিশ্বে পরিচিতি পেয়েছে। সূত্র : **বণিক বার্তা** (পৃ.৯,ক.৪)।

১১। **প্রধানমন্ত্রীর নির্দেশে শরীয়তপুরের নড়িয়াকে ভাঙনপ্রবণ এলাকা হিসেবে অধিক গুরুত্ব দেওয়া হয়েছে : পানিসম্পদ প্রতিমন্ত্রী**

পানি সম্পদপ্রতিমন্ত্রী জাহিদ ফারুক বলেছেন, প্রধানমন্ত্রীর নির্দেশে শরীয়তপুরের নড়িয়া উপজেলাকে ভাঙনপ্রবণ এলাকা হিসেবে অধিক গুরুত্ব দিয়ে কাজ করছে পানিসম্পদ মন্ত্রণালয় ও পানি উন্নয়ন বোর্ড। এছাড়াও সারাদেশের ৩৩টি জেলার ৬৬টি স্থানকে বন্যা ও ভাঙনপ্রবণ এলাকা হিসেবে ঝুঁকিপূর্ণ চিহ্নিত করে দুর্গতদের দুর্দশা লাগবে কাজ করছে পানিসম্পদ মন্ত্রণালয়, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং পানি উন্নয়ন বোর্ড। গতকাল (২৭ জুলাই শনিবার) শরীয়তপুরের নড়িয়া উপজেলার মুলফৎগঞ্জে পদ্মার ডান তীর রক্ষা বাঁধের কাজের অগ্রগতি পরিদর্শনশেষে মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। তিনি আরো বলেন, গত ৯ দিনে আমরা ১৩টি জেলা পরিদর্শন করে দুর্গতদের মাঝে ত্রাণ বিতরণ করেছি। আমরা আগাম প্রস্তুতি হিসেবে আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাস অনুযায়ী আগামী মধ্য আগস্টে বন্যার ক্ষয়ক্ষতি হ্রাসে প্রয়োজনীয় পদক্ষেপ নিয়েছি। সূত্র : **ভোরের কাগজ** (পৃ.৬,ক.৪), **অবজারভার** (পৃ.৮,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১)।

**সম্পাদকীয়**

**ক.** **সমকাল :** দখলের কারণে চট্টগ্রামের খালগুলোর অস্তিত্ব হুমকির সমমুখীন উল্লেখ করে খালগুলো অবৈধ দখলমুক্ত করে পূর্বের অবস্থায় নেওয়ার দাবি।

**খ.** **বণিক বার্তা :** বন্যা ও বর্ষণে ভয়াবহ ক্ষতিগ্রস্ত হয়েছে দেশের সড়ক ও রেল যোগাযোগ ব্যবস্থা উল্লেখ করে এগুলো সংস্কারে নজর দেওয়ার সুপারিশ।

**গ.** **যায়যায়দিন :** বন্যার প্রভাবে রাজধানীর কাঁচাবাজারে নিত্যপণ্যের মূল্য বৃদ্ধির কথা উল্লেখ করে মূল্য নিয়ন্ত্রণে যথাযথ পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঘ. **ভোরের কাগজ :** রাজধানীর সড়কে খোঁড়াখুঁড়িতে জনদুর্ভোগের কথা উল্লেখ করে সিটি করপোরেশন কর্তৃপক্ষ নগরবাসীর ভোগান্তি লাঘবে ত্বরিত পদক্ষেপ নেবে বলে প্রত্যাশা ব্যক্ত।

**ঙ.** **যুগান্তর :** রেল দুর্ঘটনার একটি বড় কারণ সংস্কারবিহীন, জরাজীর্ণ রেলপথ উল্লেখ করে দুর্ঘটনারোধে ঝুঁকিপূর্ণ রেলপথগুলো দ্রুত সংস্কারের ওপর গুরুত্বারোপ।

**চ.** **ইন্ডিপেনডেন্ট :** আসন্ন কোরবানির ঈদ উপলক্ষে গরু খামারিরা ভালো দামের আশায় গরু কৃত্রিমভাবে ইনজেকশন দিয়ে মোটাতাজাকরণ প্রক্রিয়ার মধ্যে যাচ্ছে যা জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকর উল্লেখ করে এ ধরনের অপকর্ম রোধে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

**ছ.** **অবজারভার :** বর্ষাকালে রাজধানীর জনগণের জন্য নিরাপদ খাবার পানি নিশ্চিত করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

**উপসম্পাদকীয়**

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, ইন্টারনেটের অপব্যবহার রুখতে সামাজিক উদ্যোগ জরুরি।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'শিশুশ্রম : অমানবিক এবং অমার্জনীয়'** শিরোনামের নিবন্ধে বলা হয়েছে, শিশুশ্রম বন্ধে নীতি নির্ধারকদের শুধু কাগজে-কলমে ভূমিকা পালন করলেই চলবে না, বরং বিষয়টিকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে বাস্তবমুখী দ্রুত কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।

#

ডালিয়া/সাঈদা/রশীদ/২০১৯/ ৯.০০ঘন্টা